



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(মনিটরিং-১ শাখা)
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩ (অংশ-১)- ১২১

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮
২৮ মার্চ ২০২২

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নিমিত্ত পরিদর্শন প্রতিবেদনের ফলোআপসহ সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব ও মন্ত্রিপরিষদ সচিব এর মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যক্রম ২.২ ও ২.৪ এ যথাক্রমে ৬০টি উন্নয়ন প্রকল্প/ক্ষিম পরিদর্শন ও ৪০টি স্থানীয় সরকার প্রতিষ্ঠান পরিদর্শনের বাধ্যবাধকতা রয়েছে। একই সাথে প্রকল্প/ক্ষিম পরিদর্শন এবং প্রতিষ্ঠান পরিদর্শন সুপারিশের ৮০% বাস্তবায়নে পূর্ণ নম্বর পাওয়া যাবে মর্মে কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে। বাস্তবে দেখা যায়, প্রকল্প ও প্রতিষ্ঠান পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে দাখিল হলেও পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন নিশ্চিতকরণে কার্যকর ফলোআপ না থাকায় যথাসময়ে সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন পাওয়া যায় না। ফলে এপিএ'তে পূর্ণ নম্বর অর্জনে ঘাটতির আশংকা রয়েছে।

এমতাবস্থায়, প্রকল্প/ক্ষিম পরিদর্শন ও প্রতিষ্ঠান পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ/পরামর্শ যথাসময়ে বাস্তবায়নে এবং এপিএ'তে পূর্ণ নম্বর প্রাপ্তির লক্ষ্যে নিয়মিত ফলোআপসহ সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন মনিটরিং-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ শাহ জালাল
সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৯৫১৪৬১১
E-mail: mon1@lgd.gov.bd

বিতরণ(কার্যার্থে)-

১. অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২. পরিচালক, স্থানীয় সরকার (সকল), -----বিভাগ।
৩. যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪. পরিচালক-১/২, স্থানীয় সরকার বিভাগ।
৫. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), -----জেলা।
৭. সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৮. সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি সদয় অবগতির জন্য-

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ। (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৩। অফিস কপি।